

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.৯৯.০০১.২০.২৬৩১৮

তারিখ: ২২ সেপ্টেম্বর, ২০২০ খ্রি।

বিষয় : শিক্ষক নিবন্ধন সনদ যাচাই সংক্রান্ত বিজ্ঞপ্তি স্পষ্টীকরণ।

সূত্র : এ কার্যালয়ের স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১০.৯৯.০০১.২০.১৫৫২, তারিখ: ০৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকে এ কার্যালয়ে শিক্ষক নিবন্ধন সনদ যাচাইয়ের ক্ষেত্রে নিবন্ধন সনদের সাথে সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগপত্রের কপি প্রেরণের জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা দেয়া হয়েছিল। কিন্তু মাঠ পর্যায়ে উক্ত বিজ্ঞপ্তিকে Quote করে কোন কোন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তার উপজেলার সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকের নিবন্ধন সনদ তার কার্যালয়ে জমাদানের জন্য নির্দেশনা দিয়েছেন। আবার কোন কোন প্রতিষ্ঠান একবার সনদ যাচাই করে নেয়ার পর শিক্ষকের নিয়োগপত্রসহ পুনরায় সনদ যাচাইয়ের জন্য এ কার্যালয়ে পত্র প্রেরণ করেছেন। উক্ত বিজ্ঞপ্তির বিষয়টি নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হলো।

“এখন থেকে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এ কার্যালয়ে শিক্ষক নিবন্ধন সনদ যাচাইয়ের জন্য পত্র প্রেরণ করবেন, তারা সংশ্লিষ্ট শিক্ষকের নিবন্ধন সনদ ও নিয়োগপত্রের কপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) প্রেরণ করবেন। যারা ইতঃপূর্বে একবার সনদ যাচাই করে নিয়েছেন তাদের নতুন করে সনদ যাচাইয়ের প্রয়োজন নেই। যারা নিবন্ধন সনদ যাচাইয়ের জন্য এ কার্যালয়ে পত্র প্রেরণ করবেন শুধু তাদের জন্য এ বিজ্ঞপ্তি প্রযোজ্য। অন্য কোন সংস্থা বা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য নয়।”

বিষয়টি অতীব জরুরী।

২০.০৯.২০২০

মোঃ আকরাম হোসেন

(অতিরিক্ত সচিব)

চেয়ারম্যান

এনটিআরসিএ, ঢাকা

chairman@ntrca.gov.bd

☎ : ০২-৪১০৩০০৪৩